

প্রাথমিকে ২১৬৯ পদে প্রধান শিক্ষক নিয়োগে বিজ্ঞপ্তি প্রকাশ

অনলাইন ডেঙ্ক

প্রকাশিত: ২৩:১৭, ২ সেপ্টেম্বর ২০২৫



প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়

ছবি: সংগৃহীত

সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক নিয়োগে বড় বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে। রোববার (৩১ আগস্ট) সরকারি কর্মকর্মিণ (পিএসসি) থেকে ২ হাজার ১৬৯টি পদের জন্য এই বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। বিজ্ঞপ্তি অনুসারে, প্রশিক্ষণপ্রাপ্তদের জন্য ১১তম গ্রেড এবং প্রশিক্ষণবিহীনদের জন্য ১২তম গ্রেড নির্ধারণ করা হয়েছে। জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী এই গ্রেড নির্ধারণ করা হয়েছে।

শিক্ষাগত যোগ্যতা ও বেতন গ্রেড বিজ্ঞপ্তি অনুযায়ী, প্রার্থীরা যেকোনো
স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে কমপক্ষে দ্বিতীয় শ্রেণি বা সমমানের
সিজিপিএসহ স্নাতক অথবা স্নাতক (সম্মান) ডিগ্রিধারী হতে হবে। তবে
শিক্ষাজীবনের কোনো পর্যায়ে তৃতীয় বিভাগ বা সমমানের জিপিএ
গ্রহণযোগ্য হবে না। বেতন স্কেল ২০১৫ অনুযায়ী, প্রশিক্ষণপ্রাপ্ত প্রার্থীরা
১১তম গ্রেডে ও প্রশিক্ষণবিহীন প্রার্থীরা ১২তম গ্রেডে বেতন পাবেন।

পরীক্ষার পদ্ধতি

এই নিয়োগের জন্য মোট ১০০ নম্বরের পরীক্ষা নেওয়া হবে, যার মধ্যে ৯০ নম্বর থাকবে লিখিত পরীক্ষায়। লিখিত পরীক্ষায় বাংলা, ইংরেজি, গণিত, দৈনন্দিন বিজ্ঞান এবং সাধারণ জ্ঞান (বাংলাদেশ ও আন্তর্জাতিক বিষয়াবলি) থেকে প্রশ্ন করা হবে। লিখিত পরীক্ষায় পাস করতে হলে সর্বনিম্ন ৫০ শতাংশ নম্বর পেতে হবে। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরা ১০ নম্বরের মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হবেন।